

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৭৪

উদয়পুর, ১৬ অক্টোবর, ২০২৩

ডেঙ্গি নিয়ে স্বাস্থ্য অধিকর্তার সভাপতিত্বে উচ্চ পর্যায়ের বৈঠক

রাজ্যের বিভিন্ন স্থানে ডেঙ্গির প্রকোপ নিয়ন্ত্রণে স্বাস্থ্য অধিকর্তা ডাঃ সুপ্রিয় মল্লিকের পৌরহিত্যে আজ গোখাবস্তিস্থিত স্বাস্থ্য অধিকর্তার কার্যালয়ে এক উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস এবং আগরতলা গভর্নমেন্ট মেডিক্যাল কলেজ এন্ড জিবিপি হসপিটাল এবং আইজিএম হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ। উক্ত সভায় ডেঙ্গির প্রতিরোধে কি কি পদক্ষেপ গ্রহণ করতে হবে সে বিষয়ে আলোচনা হয়। এছাড়াও জনগণের মধ্যে ডেঙ্গি সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিতে ব্যাপক উদ্যোগ গ্রহণ করার জন্য সিদ্ধান্ত হয়। যে সমস্ত জায়গায় মশা ও মশার লার্ভা বংশবৃদ্ধি পায় সেই স্থানগুলো পরিষ্কার পরিচ্ছন্ন রাখা, ডেঙ্গি প্রতিরোধে আগরতলা পুর নিগমের মেয়র সহ কর্পোরেটরদের সঙ্গে সচেতনতা সভার আয়োজন করা, বিভিন্নস্তরের জনপ্রতিনিধিদের সঙ্গে, বিশেষ করে ব্লকস্তরে সচেতনতা সৃষ্টি করা, সংবাদ মাধ্যম ও বৈদ্যুতিন মাধ্যমের মাধ্যমে সচেতনতাবৃদ্ধি সহ বিভিন্ন প্রস্তাব গৃহীত হয়। স্বাস্থ্য দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
